গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৭.১৮. ৩৫৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল হক (১৬১৩৪১৪১০০৯), প্রভাষক (রসায়ন), শহীদ সরকারি বুলবুল কলেজ, পাবনা গত ২৬/০৫/২০১৮ তারিখে শহীদ সরকারি বুলবুল কলেজ কেন্দ্রে প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক নিয়োগ পরীক্ষা,২০১৪ চলাকালীন তাকে জেলা প্রশাসকের নির্দেশে পুলিশী জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যাওয়া হয়। তার বিরুদ্ধে মামলা দেখিয়ে গ্রেপ্তার করে ২৬.০৫.২০১৮ তারিখে জেল হাজতে প্রেরণ করা হয়। গত ১৭.০৭.২০১৮ তারিখে জামিনে মুক্ত হন;

যেহেতু, জনাব মোঃ আব্দুল হক -কে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ২৬.০৫.২০১৮ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব মোঃ আব্দুল হক (১৬১৩৪১৪১০০৯), প্রভাষক (রসায়ন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং- ED(Reg.VII) S- ১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ২৬.০৫.২০১৮ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ১৩.০৮.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৭.১৮.৩৫৬/১(৭)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, শহীদ সরকারি বুলবুল কলেজ, পাবনা।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।
৭. জনাব মোঃ আব্দুল হক (১৬১৩৪১৪১০০৯), প্রভাষক (রসায়ন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৪/০৮/১৮
(মুর্শিদা শারমিন)
উপসচিব

E:\Office\New folder\Letter of Suspention.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫১.১৭. ৬৫৭ তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ মাঈন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা),সোনাগাজী সরকারি কলেজ, ফেনী এর বদলি আদেশ বাতিল ও বান্দরবান সরকারি মহিলা কলেজে পুনর্বহালের জন্য উক্ত কলেজের ছাত্রীদের ক্লাশ বর্জন করে মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন যা বিভিন্ন মিডিয়ায় ফলাও করে সংবাদ প্রকাশিত হওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্তের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২২.০৭.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীতে তিনি জানান যে, ৩৩তম বি.সি.এস. এর মাধ্যমে তিনি প্রভাষক হিসেবে ০৭ আগস্ট ২০১৪ তারিখে বান্দরবান সরকারি মহিলা কলেজে যোগদান করেন। পদার্থবিজ্ঞান বিষয়ে তিনি ছিলেন কলেজের একমাত্র শিক্ষক। তিনি প্রায় ৩ বছর ৫ মাস নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালন করেছেন। বান্দরবানের মতো দুর্গম পাহাড়ি অঞ্চলে কর্মরত থাকা অবস্থায় তিনি একাধিকবার ম্যালেরিয়া ও টাইফয়েড জ্বরে আক্রান্ত হন। অন্যদিকে পরিবারের একমাত্র উপার্জনক্ষম সন্তান হিসেবে কুমিল্লায় গ্রামের বাড়িতে অবস্থানরত বৃদ্ধ মাতার দেখাশোনার দায়িত্বভার তাকেই পালন করতে হয়। কিন্তু বান্দরবান থেকে এ কাজ করা কষ্টকর হয়ে পড়ায় তিনি ০১ অক্টোবর ২০১৬ কুমিল্লা সরকারি ভিক্টোরিয়া কলেজের শূন্যপদে বদলীর জন্য আবেদন করেন এবং বদলীর অপেক্ষায় থাকেন। পরবর্তীতে ০২ মে ২০১৭ তারিখ থেকে ২৯ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশ নেয়ার কারণে কলেজে পদার্থবিজ্ঞান বিষয়ে আর কোন শিক্ষক না থাকায় এ সময় তার শিক্ষার্থীগণ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হলে প্রশিক্ষণ শেষে কলেজে ফিরে গিয়ে তিনি দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষাকে সামনে রেখে শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করেন। তাকে ৫ অক্টোবর ২০১৭ তারিখে শিক্ষা মন্ত্রণালয় হতে সোনাগাজী সরকারি কলেজ, ফেনীতে বদলী করা হয়। তিনি আবেদনে আরোও জানান যে, ১৪ অক্টোবর ২০১৭ তারিখের মানববন্ধনের সাথে তার ন্যূনতম সম্পর্কও নেই। বরং শিক্ষার্থী কর্তৃক তাকে উক্ত কর্মস্থলে রাখার দাবীটি ছিল তার ব্যক্তিস্বার্থের পরিপন্থী। ঘটনার সময় তিনি কলেজে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে অপরাপর শিক্ষকবৃন্দের সাথে অবস্থান করছিলেন। ছাত্রীদের মানববন্ধনের বিষয়টি জানার পর উক্ত কলেজের অধ্যক্ষকে অবহিত করেন। পরবর্তীতে বিষয়টি কলেজের সকল শিক্ষক মিলিত হয়ে জেলা প্রশাসককে অবহিত করেন। তার চার মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণকালীন ছাত্রীদের পড়াশোনায় বিঘ্ন ঘটায় জেলা প্রশাসক ও কলেজের অধ্যক্ষ শিক্ষার্থীদের ক্ষতির দিকটি বিবেচনা করে তাকে এইচ.এস. সি. পরীক্ষা পর্যন্ত কলেজ থেকে রিলিজ না হওয়ার জন্য অনুরোধ করেন। তিনি ছাত্রীদের স্বার্থ ও জেলা প্রশাসকের অনুরোধের কথা বিবেচনা করে আরও কিছুদিন কলেজে অবস্থান করে শিক্ষার্থীদের আসন্ন এইচ.এস. সি. পরীক্ষা-২০১৮ প্রস্তুতিতে সহায়তা করেন। তার বদলী আদেশ বাতিলপূর্বক বান্দরবান সরকারি মহিলা কলেজে থাকার বিষয়ে তার কোন আগ্রহ ছিলনা।তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, সরকার পক্ষ এবং অভিযুক্ত জনাব মোঃ মাঈন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা) এর ব্যক্তিগত শুনানি উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারার অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ১৩.০৮.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫১.১৭. ৬৫৭/১(৮) তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ মাঈন উদ্দিন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, সোনাগাজী সরকারি কলেজ, ফেনী
৫। উপপরিচালক, ফরম ও প্রকাশন অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফেনী।
৮। জনাব মোঃ মাঈন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা), সোনাগাজী সরকারি কলেজ, ফেনী ।

১৪.০৮.১৮
(মুর্শিদা শারমিন)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪৫.১৭. ৮৫৮

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

বিষয় : বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব রিনা বেগম (৫৩০৯), সহকারি অধ্যাপক (দর্শন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী রুজুকৃত বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানী আগামী ২৯.০৮.২০১৮ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ টায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-১৮০৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গৃহীত হবে।

০২। এমতাবস্থায়, তাকে যথাসময়ে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মুর্শিদা শারমিন)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

বর্তমান কর্মস্থল:
জনাব রিনা বেগম (৫৩০৯), সহকারি অধ্যাপক (দর্শন)
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
স্থায়ী ঠিকানা:
গ্রাম: +ডাকঘর: পীর কাশীপুর
থানা: মুরাদনগর, জেলা: কুমিল্লা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪৫.১৭. ৮৫৮/১(৪)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ / ১৪ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সরকার পক্ষে মামলার নথি উপস্থাপনে নিমিত্ত পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)।
২। উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মুর্শিদা শারমিন)
উপসচিব

Awal E:\Office\New folder\Personal hearing.doc